

কালের কণ্ঠ

আপডেট : ৬ জুন, ২০১৪ ০০:০০

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের জন্য বরাদ্দ কমেছে



প্রস্তাবিত বাজেটে পুরো বিচার বিভাগের জন্য বরাদ্দ বাড়লেও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের জন্য বরাদ্দ গত বছরের চেয়ে কমে গেছে। আইন মন্ত্রণালয় তথা বিচার বিভাগের জন্য জাতীয় বাজেটে এক হাজার ১০ কোটি ১৪ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। গত বছরের চেয়ে এই বরাদ্দ ১৯০ কোটি ২৫ লাখ ৬৯ হাজার টাকা বেশি। আইনজীবীদের সনদ প্রদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশে বার কাউন্সিলের জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়েছে গত বছরের দ্বিগুণ। তবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের জন্য গত বছরের চেয়ে সাত কোটি টাকা কমিয়ে ১০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত জাতীয় সংসদে বাজেট বক্তৃতায় বলেন, 'ইতিমধ্যে ১০ জন যুদ্ধাপরাধীর বিচার সম্পন্ন হয়েছে। এর মধ্যে একজনের ফাঁসির রায়ও কার্যকর হয়েছে। যুদ্ধাপরাধীদের বিচারে অস্বীকার বাস্তবায়নের পথে আমরা অনেকখানি অগ্রসর হয়েছি।' তিনি বলেন, 'বিচার বিভাগের স্বাধীনতা সম্মুখীন রাখতে সরকার সব সময়ই আন্তরিক। মামলা নিষ্পত্তি স্বরাষ্ট্র কর্তৃক গত মেয়াদে সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগ আগামীতেও চলমান থাকবে।'

বাজেট পর্যালোচনায় দেখা যায়, দরিদ্র অসহায় জনগোষ্ঠীকে বিনা মূল্যে আইনি সহায়তা দেওয়া, ৩৪ জেলায় আদালত ও আইনজীবী সমিতি ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ-সংস্কার, রেকর্ড রুম নির্মাণ, ২০ জেলায় সাব-রেজিস্ট্রি ভবন নির্মাণ, ডিজিটাইজড ব্যবস্থাপনা সুবিধা বাড়ানোর বিষয়টি অগ্রাধিকার পেয়েছে।

খাতওয়ারি বরাদ্দ : প্রস্তাবিত বাজেটে আইন মন্ত্রণালয়ের জন্য মোট বরাদ্দ এক হাজার ১০ কোটি ১৪ হাজার টাকা। এর মধ্যে অনুন্নয়ন খাতে ৬৭০ কোটি দুই লাখ এবং উন্নয়ন কর্মসূচির জন্য তিন কোটি ৯৭ লাখ ২৪ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এ ছাড়া উন্নয়ন খাতে বরাদ্দ রয়েছে ৩৩৯ কোটি ৯৮ লাখ টাকা।

খাতওয়ারি বরাদ্দের মধ্যে ট্রাইব্যুনালকে ১০ কোটি, অ্যাটর্নি জেনারেল কার্যালয়কে ১৪ কোটি ৭৩ লাখ ২৫ হাজার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থাকে ছয় কোটি, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতকে ১৭ কোটি ১১ লাখ ৪০ হাজার, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতকে ১০৮ কোটি ১৭ লাখ ৮৫ হাজার, দেওয়ানি আদালতকে ২৬১ কোটি ৫৩ লাখ ৪৫ হাজার, নিবন্ধন পরিদপ্তরকে (সদর, জেলা ও উপজেলা) ১১৯ কোটি ৩৪ লাখ সাত হাজার, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটকে দুই কোটি ৭৮ লাখ ২৫ হাজার, জুডিশিয়াল সার্ভিস কমিশনকে এক কোটি ৮৭ লাখ ৭০ হাজার, বার কাউন্সিলকে ৯০ লাখ টাকাসহ অন্যান্য খাতে বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

উপদেষ্টা সম্পাদক : অমিত হাবিব,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :

০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২,

৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com